

ধানের পাতার লালচে রেখা রোগ (Bacterial Leaf Streak)

রোগ আক্রমণের লক্ষণ:

এই রোগ হলে ধানের পাতার শিরাসমূহের মধ্যবর্তীস্থানে শিরার সমান্তরালে সরু এবং হালকা দাগ পড়ে। সূর্যের দিকে ধরলে এ দাগের মধ্যে দিয়ে আলো প্রবেশ করে। ক্রমাগত দাগগুলো একত্রে মিশে বড় হয় ও লালচে রঙ ধারণ করে। কচি পাতায় আক্রমণ বেশী হয়।